

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয় শাখা-২

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.৩৫.০২৩.১৮-৭২৯

তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি:

জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুড়িগ্রাম।
ভুক্তি নং:..... তারিখ:.....
এতিপিই ১.১/০১/১৮-১
১৯৬/১৯৬৩/সিঙ্গল সহকারী শিক্ষক/কম্পিউটার
অপারেটর/জ: সহ: /জ: জ্বরী /জ: সহ: ৩
বায়ছা/মিল/সংরক্ষণ কক্ষ।
অসি
ডিপিইও

বিষয়: প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নসহ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় কাঙ্ক্ষিত ফলাফল অর্জনের লক্ষ্যে পাঠদান তদারকি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগীকরণ, এসডিজি বাস্তবায়নের জন্য সরকারের শিক্ষা সংক্রান্ত গৃহীত সকল কর্মসূচি এবং পরিকল্পনা বাস্তবায়ন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল ভাল করার জন্য নিম্নরূপ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) আগামী ১৮ নভেম্বর ২০১৮ তারিখ হতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ শুরু হবে। বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের পাঠদান নিশ্চিত করার জন্য শিক্ষকদের নিয়মিত উপস্থিতি, কর্মস্থলে অবস্থান, হোম ভিজিট ইত্যাদি তদারকি বৃদ্ধির জন্য প্রতি উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয়ে কন্ট্রোলরুম চালু করতে হবে। সহকারী শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারগণ তাঁদের পরিদর্শনের প্রমাণ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন নিশ্চিত করে নিয়মিতভাবে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (২) ১১-০৯-২০১৮ তারিখ হতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন শিক্ষক যুক্তিযুক্ত কারণ ব্যতীত বিদ্যালয় বা কর্মস্থলে অনুপস্থিত থাকতে পারবেন না।
- (৩) প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত প্রতিদিন শিক্ষকগণের বিদ্যালয়ে অনুপস্থিতি বা কর্মস্থল ত্যাগের প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- (৪) যুক্তিযুক্ত কারণ ব্যতীত কোন শিক্ষক বিদ্যালয়ে অনুপস্থিত বা কর্মস্থল ত্যাগ করলে তাৎক্ষণিকভাবে গণকর্মচারি (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এবং সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৫) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ মোতাবেক নিয়ন্ত্রিত বিধায় কোন প্রকার আইন পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত না হওয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করতে হবে।

(মোঃ আব্দুল ওয়াহেদ)
উপসচিব

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুড়িগ্রাম।

স্মারক নং: জেপ্রাশিঅ/কুড়ি/ ২৬৭৭/১৬

তারিখ: ১১/০৯/২০১৮ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। উপজেলা শিক্ষা অফিসার, উলিপুর/সদর/চিলমারী/নাগেশ্বরী/ফুলবাড়ী/ভুরুজামারী/রাজারহাট/রৌমারী/রাজিবপুর। মূল পত্রের নির্দেশনা তার আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের সকল প্রধান ও সহকারী শিক্ষককে অবহিতকরণসহ এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাকে অনুরোধ করা হলো।
- ২। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল),....., কুড়িগ্রাম। মূল পত্রের নির্দেশনা তার ক্লাস্টারধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের সকল প্রধান ও সহকারী শিক্ষককে অবহিতকরণসহ এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাকে অনুরোধ করা হলো।
- ৩। অফিস নথি।

(স্বপন কুমার রায় চৌধুরী)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুড়িগ্রাম।